# ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'স্বপ্নের সোনার বাংলা' গড়ার প্রত্যয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'রূপকল্প ২০২১' ও 'রূপকল্প ২০৪১' বাস্তবায়নের নিমিত্ত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার সকল পর্যায়ে মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনয়নে তথ্য ও প্রযুক্তি বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন। শিক্ষা ও গবেষণা কাজে তথা দক্ষ মানব সম্পদ উন্নয়নে তথ্যপ্রযুক্তির সফল প্রয়োগ এবং পরিচর্চার মাধ্যমে একটি জ্ঞানভিত্তিক সমাজ গঠন সম্ভব। বর্তমানে ৪র্থ শিল্প বিপ্লব একটি বাস্তবতা এবং এটিকে আর অস্বীকার করার উপায় নেই। তথ্যপ্রযুক্তি বা ইন্টারনেট আবিষ্কারের মাধ্যমে আর একবিংশ শতাব্দীতে এসে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিকস, ক্লাস্টার বেইজড টেকনোলজি, সাইবার সিকিউরিটি, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংকস, বায়ো টেকনোলজির সঙ্গে অটোমেশন প্রযুক্তির সমন্বয়ে শুরু হয়েছে ৪র্থ শিল্প বিল্পব। ৪র্থ শিল্পবিপ্লব মানুষের জীবন ধারায় প্রতিনিয়ত ব্যাপকতর পরিবর্তন নিয়ে আসছে। মানুষের জীবনে এ বিপ্লবের প্রভাব এবং পরিবর্তনের গুণগত মাত্রা ও ব্যপ্তি আগের তিনটি বিপ্লবের সঙ্গে অতুলনীয়। ৪র্থ শিল্প বিল্পব চ্যালেঞ্জ মোকাবেলায় দরকার প্রযুক্তিগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতার বিকাশ ও প্রতিযোগিতায় টিকে থাকার সক্ষমতা অর্জন।বাংলাদেশের ক্ষেত্রে আগামী ৩০ বছর জুড়ে তরুণ বা উৎপাদনশীল জনগোষ্ঠীর সংখ্যাগরিষ্ঠ থাকবে। বাংলাদেশের জন্য ৪র্থ শিল্প বিপ্লবের সুফল ভোগ করার এটাই সব থেকে বড় হাতিয়ার। জ্ঞানভিত্তিক এই শিল্প বিপ্লবে প্রাকৃতিক সম্পদের চেয়ে দক্ষ মানবসম্পদই হবে বেশি মূল্যবান।

ভিশন:

উচ্চশিক্ষা ও গবেষণা ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির সফল প্রয়োগের মাধ্যমে বিশ্বমানের দক্ষ জনশক্তি তৈরি করা যা জাতীয় ও আন্তর্জাতিক চাহিদা পূরণে সক্ষম হবে।

মিশন:

ভিশন ২০২১, ২০৪১ এবং টেকসই উন্নয়ন ২০৩০- এর আলোকে মানসম্মত তথ্যপ্রযুক্তি নির্ভর উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিত করে বিশ্বমানের দক্ষ জনশক্তি তৈরি করা।

উদ্দেশ্য:

১। জাতীয় এবং আন্তর্জাতিক কর্মবাজারের জন্য প্রযুক্তিগত দক্ষতা উন্নয়ন।
২। ৪র্থ শিল্প বিপ্লব সম্বন্ধে সচেতনা বৃদ্ধি , দক্ষ মানবশক্তি তৈরি এবং মানসম্পন্ন গবেষণা নিশ্চিতকরণ।
৩। সরকার, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে একটি অর্থবহ, ভারসাম্যপূর্ণ এবং শক্তিশালী সহযোগিতা প্রতিষ্ঠা করা।

## ৪র্থ শিল্পবিপ্লবের সাম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার কর্ম্পরিকল্পনা:

৪র্থ শিল্পবিপ্লবের ফলে মানুষের আয়ত্তে আসছে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ইন্টারনেট অব থিংস বা যন্ত্রের ইন্টারনেট, যা সম্পূর্ণ রূপেই মানবসম্পদের বিকল্প হিসেবে ব্যবহৃত হতে পারে। ফলে শ্রমনির্ভর এবং অপেক্ষাকৃত কম দক্ষতানির্ভর চাকরি বিলুপ্ত হলেও উচ্চ দক্ষতানির্ভর যে নতুন কর্মবাজার সৃষ্টি হবে, তার জন্য আমাদের তরুণ প্রজন্মকে প্রস্তুত করে তুলতে হবে। এক্ষেত্রে, বর্তমানে ৪র্থ শিল্প বিপ্লবের প্রেক্ষিতে ইউনিভার্সিটি ৪.০ ভিশন বাস্তবায়ন আবশ্যক। তরুণ প্রজন্মকে বৈশ্বিক মানদন্ড গড়ে তুলে একটি দক্ষ ও আত্মনির্ভর জনশক্তি তৈরির লক্ষ্যে শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য বিশ্ববিদ্যালসমূহের আইসিটি বিষয়ক শিক্ষা কার্যক্রমের উন্নয়নসহ এর প্রায়োগিক ব্যবহারের ক্ষেত্রের উপর গুরুত্ব আরোপসহ মানসম্পন্ন গবেষণার ক্ষেত্র বৃদ্ধি করা প্রয়োজন। সেক্ষেত্রে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় টেকসই উন্নয়ন ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি যুগোপযোগী এবং কার্যকরী স্বল্প, মধ্য এবং দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা করা প্রয়োজন।

১। ৪র্থ শিল্প বিপ্লব মোকাবেলায় কৌশলগত দক্ষতা অর্জন:

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং সুযোগ কাজে লাগানোর জন্য যথাযথ কৌশল অবলম্বনের বিষয়ে ইউজিসি এবং বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ের ওপর কর্মশালা এবং প্রশিক্ষণ আয়োজন করা।

২। কমিশনের প্রাতিষ্ঠানিক এবং আইসিটি ক্যাপাসিটি বৃদ্ধি:

বিশ্ববিদ্যালয়সমূহে উচ্চশিক্ষার মান উন্নয়ন ও দিক নির্দর্শন-এর লক্ষ্যে কমিশনের প্রাতিষ্ঠানিকসহ সার্বিক আইসিটি ক্যাপাসিটি বৃদ্ধি অপরিহার্য। এ লক্ষ্যে কমিশনে সার্টিফিকেট ভেরিফিকেশন সিস্টেম, ইউজিসি ডিজিটাল লাইব্রেরি এর সক্ষমতা বৃদ্ধি, কমিশনের নেটওয়ার্কের আধুনিকায়ন ও পরিধি বৃদ্ধি, ইউজিসি ইআরপি সিস্টেম বাস্তবায়ন, গবেষণাক্ষেত্রে প্লেজারিজম চেকার সিস্টেম প্রনয়নসহ বিভিন্ন কাজের ক্ষেত্রে আইসিটির প্রায়োগিক ব্যবহার বৃদ্ধি এবং লাইসেন্সড সফটওয়্যার সরবরাহ করা।

৩। 4IR বিষয়ক প্রশিক্ষণ:

যোগাযোগের দক্ষতা, অতি প্রয়োজনীয় আইটি টুলসগুলোর ব্যবহার জানা তথা 'ডিজিটাল লিটারেসি' এবং বিশ্লেষণাত্মক সক্ষমতা অর্জনের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ ও সমস্যার সমাধান ৪র্থ শিল্প বিপ্লবের কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে এ তিনটি দক্ষতা অর্জন অতীব গুরুত্বপূর্ন। কমিশন এবং বিশ্ববিদ্যালয়সমূহে নিম্নবর্ণিত বিষয়ের ওপর কর্মশালা এবং প্রশিক্ষণ আয়োজন করা।

ক) বেসিক ডিজিটাল লিটারেসি;

খ) বেসিক আইওটি এবং রোবোটিক্স;

গ) বিগ ডাটা, ডেটা এনালিটিক্স;

ঘ) 5G এবং থ্রিডি প্রিন্টিং;

Tahmina

ঙ) আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স এবং অটোমেশন;

চ) ৪র্থ শিল্পবিল্পব ও সাসটেনিবিলিটি;

৪। সাইবার সিকিউরিটি:

বর্তমান যুগ তথ্যপ্রযুক্তির হওয়ায় ইন্টারনেটের ব্যবহার দিনের পর দিন বেড়েই চলেছে তার সাথে বাড়ছে ইন্টারনেটে সিকিউরিটির গুরুত্ব। সেই অনুযায়ী এ বিষয়ে জ্ঞান অর্জনের জন্য ইউজিসি এবং বিশ্ববিদ্যালয়সমূহে সাইবার সিকিউরিটির ওপর বিভিন্ন প্রশিক্ষন আয়োজন করা।

- Cyber Security Essentials;
- Cyber Security in e-Governance;
- Cloud Security Essentials;
- Introduction to System and Network Security;

৫। 4IR সংশ্লিষ্ট পাঠ্যক্রম হালনাগাদ:

দেশীয়, বিশ্ববাজার এবং ৪র্থ শিল্প বিপল্পের প্রতি লক্ষ্য রেখে চাহিদাভিত্তিক দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং জ্ঞানভিত্তিক সমাজ বির্নিমানে উচ্চশিক্ষায় 4IR সংশ্লিষ্ট কারিকুলাম নিয়মিত হালনাগাদ ও যুগোপযোগী করা প্রয়োজন।

৬। Post Graduate Diploma (PGD) কোর্স চালুকরণ:

অগ্রসরমান প্রযুক্তিসমূহের বিষয়ে Life-long learning-এর সুবিধা তৈরি করতে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়সমূহে বিভিন্ন Frontier Technology (Physical, Digital, and Biological) বিষয়ে Post Graduate Diploma কোর্স চালু করা প্রয়োজন (যেভাবে অনেক বিশ্ববিদ্যালয়ে বর্তমানে PGD in ICT, PGD in Computer Science চালু রয়েছে)।

৭। উচ্চশিক্ষায় উদ্ভাবনী ইকোসিস্টেম তৈরি ও ইন্সটিটিউট প্রতিষ্ঠা বা উন্নীতিকরণ:

৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলার জন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে উদ্ভাবনী ইকোসিস্টেম, যার মাধ্যমে শিক্ষার্থীদের প্রশিক্ষন, মেন্টরিং ও গ্রুমিং, অনুদান প্রদানসহ শিক্ষার্থীদের উদ্ভাবন মনস্ক ও কর্মোপযোগী করে গড়ে তোলা অতীব গুরুত্বপূর্ণ। এতে করে উদীয়মান ও সম্ভাবনাময় তরুণ উদ্ভাবক পাওয়া যাবে এবং দেশে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। কয়েকটি বিশ্ববিদ্যালয়ে Institute of Frontier Technologies (যেভাবে অনেক বিশ্ববিদ্যালয়ে বর্তমানে Institute of Business Administration, Institute of Bangladesh Studies, ইত্যাদি রয়েছে) বা বিদ্যমান ইন্সটিটিউট উন্নীতিকরণ বা ইনোভেশন হাব প্রতিষ্ঠা করা।

Tahmina

৮। 4IR-ল্যাব এবং সেল তৈরি:

বিশ্ববিদ্যালয়সমূহে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের শিক্ষার্থীদের গবেষণা/ব্যবহারিক জ্ঞানের জন্য 4IR-ল্যাব তৈরি এবং অগ্রসরমান প্রযুক্তিসমূহের বিষয়ে দক্ষ শিক্ষকবৃন্দের সমন্বয়ে 4IR-সেল তৈরি।

৯। ফলিত গবেষণা এবং উদ্ভাবনের প্রবণতা বৃদ্ধি :

4IR-এর চাহিদা মোকাবেলা করার জন্য বর্তমানে জাতিকে প্রযুক্তি ব্যবহারকারী থেকে প্রযুক্তি উদ্ভাবক-এ রূপান্তরিত করা প্রয়োজন। দেশীয় ইনোভেটিভ প্রযুক্তির উপর গবেষণা এবং বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা প্রয়োজন। বাংলাদেশের সার্বিক ও টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে স্থানীয়ভাবে উৎসাহিত এবং ব্যবহারযোগ্য প্রযুক্তির উন্নয়নের ওপর জোর দিতে হবে।

১০। ব্লেন্ডেড, অনলাইন ও ডিজিটাল শিক্ষার বিস্তার:

উচ্চশিক্ষার জন্য প্রণীত কৌশলগত পরিকল্পনায় (২০১৮-২০৩০) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক শিক্ষাদান প্রক্রিয়ার সাম্প্রতিক অগ্রগতি অনুসরণপূর্বক একটি উন্নত ই-লার্নিং পরিবেশ তৈরির বিষয়ে আলোকপাত করা রয়েছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন উচ্চ শিক্ষা ক্ষেত্রে ব্লেন্ডেড লার্নিং নীতিমালা প্রণয়ন করেছে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে ব্লেন্ডেড লার্নিং নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে লার্নিং ম্যানেজম্যান্ট সিস্টেম (LMS) সহ ইন্টারেক্টিভ ই-বুক, ডিজিটাল ই-রিসোর্স এবং ই-লার্নিং এর কনটেন্টের কেন্দ্রীয় ই-লার্নিং প্ল্যাটফরম তৈরিতে সহায়তা প্রদান করতে হবে। ই-লার্নিং কোর্স / কনটেন্টের মাধ্যমে শিক্ষকদের পেশাগত উন্নয়ন এবং শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা উন্নয়নের সুযোগ বৃদ্ধি করতে হবে।

১১। ইউনিভার্সিটি ইন্ডাস্ট্রি কোলাবরেশন:

দেশের আর্থ সামাজিক উন্নয়নে গবেষণাক্ষেত্রে উৎকর্ষতাসহ শিল্পক্ষেত্রে উৎপাদনের সাথে জড়িত সমস্যাসমূহের উদ্ভাবমূলক সহজ ও দ্রুত সমাধানের লক্ষ্যে ইউনিভার্সিটি ও ইন্ডাস্ট্রি'র মধ্যে সহজ শক্তিশালী ও টেকসই যোগাযোগ মাধ্যম হিসেবে ওয়েব বেইজড ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবরেশন প্লাটফর্ম তৈরি করা যেতে পারে।

১২। Teaching and Learning Centre প্রতিষ্ঠা:

প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষনের জন্য Teaching and Learning Centre প্রতিষ্ঠা প্রয়োজন।যেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ৪র্থ শিল্পবিপ্লবের গ্রাজুয়েট তৈরি করার জন্য স্কীল বিষয়ে নিজেরা প্রশিক্ষিত হবে। শিক্ষার্থীদের প্রচলিত প্রশ্নোত্তর থেকে বের করে এনে তাদের কেস স্টাডি, অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট ইত্যাদির মাধ্যমে শিক্ষকগণ মূল বিষয়ের সঙ্গে যুক্ত করতে হবে। শিক্ষার্থীদের প্রকাশ-যোগ্যতা, দলীয় কাজে দক্ষতা তৈরির জন্য ওই সব কেস স্টাডি, অ্যাসাইনমেন্ট কিংবা প্রজেক্টের উপস্থাপনাকে করতে হবে বাধ্যতামূলক।

Tahmina

কর্মপরিকল্পনা:

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

## ছক: গৃহীতব্য কার্যক্রম-সম্পর্কিত সময়াবদ্ধ পরিকল্পনা (খসড়া)

| ক্রমিক নং | গৃহীতব্য কার্যক্রমের বিষয়/ ক্ষেত্র | গৃহীতব্য কাজের নাম | একক | লক্ষ্যমাত্রা | কার্যসম্পাদনের সময়কাল | দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি/শাখা/টিম |
|---|---|---|---|---|---|---|
| ১ | কর্মকর্তাবৃন্দের মধ্যে সম্যক ধারণা ও সচেতনতা তৈরি | 4IR সম্পর্কিত কর্মশালা আয়োজন | সংখ্যা | ২ | ডিসেম্বর, ২০২২ | ইনোভেশন টিম |
| ২ | 4IR টিম গঠন ও ফোকাল পয়েন্ট নির্বাচন | 4IR কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য টিম গঠন ও ফোকাল পয়েন্ট নির্বাচন | সংখ্যা | ১ | নভেম্বর, ২০২২ | ইনোভেশন টিম, প্রশাসন বিভাগ |
| ৩ | 4IR বিষয়ক প্রশিক্ষণ কোর্স চালুকরণ | প্রশিক্ষণ কোর্স নির্বাচন, মডিউল তৈরি ও ভেলিডেশন কর্মশালা | সংখ্যা | ১ | নভেম্বর, ২০২২ | ইনোভেশন টিম |
| ৪ | 4IR বিষয়ক প্রশিক্ষণ | ক) বেসিক ডিজিটাল লিটারেসি<br>খ) বেসিক আইওটি এবং রোবোটিক্স<br>গ) বিগ ডাটা, ডেটা এনালিটিক্স<br>ঘ) 5G এবং থ্রিডি প্রিন্টিং<br>ঙ) আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স এবং অটোমেশন<br>চ) ৪র্থ শিল্পবিল্পব ও সাসটেনিবিলিটি | সংখ্যা | ৪ | জুন, ২০২৩ | ইনোভেশন টিম, আইএমসিটি |
| ৫ | সাইবার সিকিউরিটি বিষয়ে প্রশিক্ষণ | I. Cyber Security Essentials<br>II. Cyber Security in e-Governance<br>III. Cloud Security Essentials<br>IV. Introduction to System and Network Security | সংখ্যা | ২ | জুন, ২০২৩ | ইনোভেশন টিম, আইএমসিটি |
| ৬ | গবেষণাক্ষেত্রে প্লেজারিজম চেকার সিস্টেম প্রনয়ন | প্লেজারিজম চেকার সফটওয়্যারের সাবস্ক্রিপশন কন্সোর্টিয়ামের মাধ্যমে ক্রয় | সংখ্যা | ১ | জুন, ২০২৪ | আইএমসিটি |
| ৭ | কমিশনের নেটওয়ার্কএর আধুনিকায়ন ও পরিধি বৃদ্ধি | নেটওয়ার্ক যন্ত্রাংশ আধুনিকায়ন | সংখ্যা | ১ | ডিসেম্বর, ২০২৩ | প্লানিং এন্ড ডেভলপমেন্ট এবং আইএমসিটি |
| ৮ | সার্টিফিকেট ভেরিফিকেশন সিস্টেম | সার্টিফিকেট ভেরিফিকেশন সিস্টেম তৈরি ও বাস্তবায়ণ | সংখ্যা | ১ | জুন, ২০২৬ | প্লানিং এন্ড ডেভলপমেন্ট এবং আইএমসিটি |
| ৯ | ইউজিসি ইআরপি সিস্টেম বাস্তবায়ন | ইউজিসি ইআরপি সিস্টেম তৈরি ও বাস্তবায়ন | সংখ্যা | ১ | ডিসেম্বর, ২০২৪ | প্লানিং এন্ড ডেভলপমেন্ট এবং আইএমসিটি |

Tahmina

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | ইউনিভার্সিটি- ইন্ডাস্ট্রি কোলাবোরেশন প্লাটফর্ম | ইউনিভার্সিটি ও ইন্ডাস্ট্রি'র মধ্যে সহজ শক্তিশালী ও টেকসই যোগাযোগ মাধ্যম হিসেবে ওয়েব বেইজড ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবরেশন প্লাটফর্ম বাস্তবায়ন | সংখ্যা | ১ | জুন, ২০২৪ | আইএমসিটি |
| ১১ | ব্লেন্ডেড শিক্ষার বিস্তার | বিশ্ববিদ্যালয়সমূহে ব্লেন্ডেড শিক্ষার বিস্তার এবং বাস্তবায়ন তদারকি | সংখ্যা | ১ | জুন, ২০২৪ | এসপিকিউএ |
| ১২ | লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম | লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন | সংখ্যা | ১ | জুন, ২০২৭ | আইএমসিটি |
| ১৩ | বিশ্ববিদ্যালয়ে 4IR সংশ্লিষ্ট পাঠ্যক্রম হালনাগাদ | বিশ্ববিদ্যালয়ে 4IR সংশ্লিষ্ট পাঠ্যক্রম হালনাগাদ বিষয়ে নির্দেশনা প্রদান ও বাস্তবায়ন তদারকি | সংখ্যা | ১ | জুন, ২০২৩ | পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ |
| ১৪ | PGD কোর্স চালুকরণ | বিশ্ববিদ্যালয়ে 4IR সংশ্লিষ্ট PGD কোর্স চালুকরণ বিষয়ে নির্দেশনা প্রদান ও বাস্তবায়ন তদারকি | সংখ্যা | ১ | জুন, ২০২৪ | পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ |
| ১৫ | 4IR-ল্যাব এবং সেল তৈরি | বিশ্ববিদ্যালয়সমূহে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের শিক্ষার্থীদের গবেষণা/ব্যবহারিক জ্ঞানের জন্য 4IR-ল্যাব তৈরি এবং অগ্রসরমান প্রযুক্তিসমূহের বিষয়ে দক্ষ শিক্ষকবৃন্দের সমন্বয়ে 4IR-সেল তৈরি। | সংখ্যা | ১ | জুন, ২০২৫ | পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ |
| ১৬ | ফলিত গবেষণা এবং উদ্ভাবনের প্রবণতা বৃদ্ধি | বিশ্ববিদ্যালয়সমূহে মানসম্পন্ন গবেষণা এবং উদ্ভাবনের প্রবণতা বৃদ্ধি | - | - | চলমান | পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ |
| ১৭ | Teaching and Learning Centre প্রতিষ্ঠা | বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষনের জন্য Teaching and Learning Centre প্রতিষ্ঠা | সংখ্যা | ১ | জুন, ২০২৭ | পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ |
| ১৮ | সমঝোতা স্মারক স্বাক্ষর | সম্ভাব্য ক্ষেত্রসমূহে 4IR-ভিত্তিক প্রকল্প গ্রহণ (ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ, প্রকল্প ডিজাইন, পাইলটিং) | সংখ্যা | ১ | ডিসেম্বর, ২০২৩ | ইনোভেশন টিম, প্রশাসন বিভাগ |
| ১৯ | প্রণোদনা | অগ্রসরমান প্রযুক্তিসমূহের ক্ষেত্রে অবদানের জন্য UGC 4IR Award চালুকরণ | সংখ্যা | ১ | জুন, ২০২৩ | ইনোভেশন টিম, প্রশাসন বিভাগ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০ | প্রকল্প গ্রহন | সম্ভাব্য ক্ষেত্রসমূহে 4IR-ভিত্তিক প্রকল্প গ্রহণ (ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ, প্রকল্প ডিজাইন, পাইলটিং) | সংখ্যা | ১ | জুন, ২০২৪ | ইনোভেশন টিম |

আইসিটি ক্ষেত্রে দক্ষ মানব সম্পদ সৃষ্টি করতে পারলেই প্রযুক্তিগত উন্নয়নের সকল ক্ষেত্রে আমরা সঠিকভাবে এগুতে পারব। তাহলেই সম্ভব হবে অতিরিক্ত কর্মক্ষম জনমানবকে কাজে লাগিয়ে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করা এবং উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

Tahmina